

নম্বর: ১৩.০১.৫৫০০.০০১.৪২.০১৭.২০.৯৯৫

তারিখ: ২ কার্তিক ১৪২৯  
১৮ অক্টোবর ২০২২

**বোরো/২২ খান ছাঁটাইয়ের বরাদ্দ আদেশ**

ছাঁটাই শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকার ৩১/০৫/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯২.৭৫.০০২.২০.১১ নং স্মারকের নির্দেশনা এবং অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ২১নং অনুচ্ছেদের আলোকে জারীকৃত নির্দেশনা, ভারপ্রাপ্ত কর্মকর্তা, আড়পাড়া এলএসডি, শালিখা-এর ১৬/১০/২০২২ তারিখের ৩৭৭ নং স্মারকের প্রস্তাব এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শালিখা, মাগুরা-এর ১৬/১০/২০২২ তারিখের ৩৯৮ নং স্মারকের সুপারিশ মোতাবেক নিম্নবর্ণিত সিদ্ধ চালকলের মালিক আড়পাড়া এলএসডিতে সংগৃহীত বোরো/২২ খান ছাঁটাই করার জন্য আবেদন করেন। তৎসঙ্গে নির্ধারিত পরিমানের ধানের সংগ্রহ মূল্যের ১১০% জামানতের পে-অর্ডার (পে-অর্ডার নং-৯৪২৫৮১৭, তারিখ-১৬/১০/২০২২, টাকা-৮,৯১,০০০/- ও ৯৪২৫৮২২, তারিখ-১৬/১০/২০২২, টাকা-১,১২,১০০/-, সোনালী ব্যাংক লিঃ, শালিখা শাখা, মাগুরা) দাখিল করে ১৮/১০/২০২২ খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষরকারীর সাথে চুক্তি সম্পাদন করেছেন। উক্ত চুক্তির অধীন নিম্নবর্ণিত এলএসডি'র পার্শ্বে উল্লিখিত পরিমান বোরো/২০২২ খান ছাঁটাই এর বরাদ্দ প্রদান করা হলো।

ক্রঃ নং	চুক্তিবদ্ধ মিলের নাম ও ঠিকানা	পাঙ্কিক ছাঁটাই ক্ষমতা (মেঃ টন)	চুক্তি নং ও তারিখ	বরাদ্দকৃত ধানের পরিমাণ (মেঃ টন)	ধান ও ফলিত চালের অনুপাত হারে প্রাপ্য চালের পরিমাণ ৬০:৩৯ (৬৫%)	যে এলএসডি হতে ধান উত্তোলন করতে হবে	যে এলএসডিতে ফলিত চাল ও খালিবস্তা ফেরত দিবেন	ফলিত চাল জমাদানের মেয়াদ
১	মেসার্স শিকদার রাইস মিল, প্রোঃ- অরবিন্দু শিকদার, তালখড়ি, শালিখা, মাগুরা	৩১.৮৫০	৩০৫/শালিখা/ বোরো ধান মিলিৎ/২২ তাং-১৮/১০/২২	৩৩.৭৭২	২১.৯৫২	আড়পাড়া এলএসডি	আড়াপাড়া এলএসডি	৩১/১০/২০২২

**চুক্তিতে বর্ণিত শর্তাবলী প্রতিপালন করে নিম্নোক্ত পদ্ধতিতে ধান গ্রহণ ও ফলিত চাল জমা দিবেনঃ**

- (১) বরাদ্দপত্র প্রদানের ১৫ দিনের মধ্যে ফলিত চাল ও খালিবস্তা সংশ্লিষ্ট এলএসডিতে সরবরাহ নিশ্চিত করবেন।
- (২) এলএসডি হতে ধান উত্তোলনের সময় এমডিএফ এবং চাল গ্রহণের সময় এমআরএফ ফরম ব্যবহৃত হবে।
- (৩) বরাদ্দকৃত ধান ছাঁটাই প্রক্রিয়া উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও মিল পরিদর্শক পর্যবেক্ষণ করবেন এবং প্রত্যয়নপত্র প্রদান করবেন।
- (৪) এলএসডি হতে মিলার কর্তৃক ধান গৃহিত হওয়ার পর তার মান সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- (৫) ধান ছাঁটাইয়ের জন্য সরবরাহকৃত ধানের নমুনা সংশ্লিষ্ট মিলে (যে মিলে ছাঁটাই হবে) এবং এলএসডিতে সংরক্ষণ করতে হবে।
- (৬) যে মিলের অনুকূলে ধানের বরাদ্দ প্রদান করা হবে সে মিলে ধান ছাঁটাইয়ের সময় মিল পরিদর্শনকারী কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বরাদ্দের ফলিত চালের ২টি নমুনা সংরক্ষণ করতে হবে। যার ১টি নমুনা সংশ্লিষ্ট এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট এবং অন্যটি মিলে সংরক্ষিত থাকবে। মিলার প্রাপ্ত বরাদ্দের ফলিত চাল সংশ্লিষ্ট এলএসডিতে আনলে এলএসডি'র ভারপ্রাপ্ত কর্মকর্তা তার নিকট রক্ষিত চালের নমুনার সাথে মিলিয়ে এলএসডিতে চাল গ্রহণ করবেন এবং হিসাব মতে একই মানের খালিবস্তা গ্রহণ করবেন।

(৭) ভারপ্রাপ্ত কর্মকর্তা খালি বস্তার একপিঠে এলএসডি ও জেলার নামসহ সংযুক্ত মৌসুম (বোরো/২০২২) স্পষ্টভাবে লেখা স্টেনসিল দিলে মিলারকে খালি বস্তা সরবরাহ করবেন। মিলার খালি বস্তার অপরপিঠে নিচের দিকে মিলের নাম সম্বলিত স্টেনসিলের সুস্পষ্ট ছাপ (অক্ষর এবং সংখ্যার আকার কমপক্ষে দুই ইঞ্চি) প্রদান করে চাল বস্তাবন্দি করে সংযুক্ত এলএসডিতে জমা দিবেন। সুস্পষ্ট স্টেনসিলের ছাপবিহীন খাদ্যশস্য ভর্তি কোন বস্তা গুদামে গ্রহণ করা যাবে না।

(৮) মিল পরিদর্শনকারী কর্মকর্তা মিল পরিদর্শনের সময় মিলার কর্তৃক প্রস্তুতকৃত চাল যথাযথভাবে মিলিং হয়েছে এবং মিলিংকৃত চাল বিনির্দেশ অনুযায়ী গ্রহণযোগ্য মর্মে প্রত্যয়নপত্র প্রদান করবেন। হাফিং মিলের ক্ষেত্রে খাদ্য অধিদপ্তরের ২৮/১১/২০১৯ খি: তারিখের ১১০ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কালার সর্টার প্রযুক্তি ব্যবহার করে সরবরাহতব্য ফলিত চালের বিবর্ণ, বিনষ্ট, মরা দানা সরিয়ে বিনির্দেশসম্মত চাল এলএসডিতে সরবরাহ করতে হবে।

(৯) মিলার সরকারি বিধি মোতাবেক ক্র্যাসিং চার্জ ও পরিবহন ভাড়া প্রাপ্য হবেন।

১৮-১০-২০২২

মনোতোষ কুমার মজুমদার  
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

ফোন: ০২৪৭৭৭১০৪১১

ফ্যাক্স: ০২৪৭৭৭১০২৯৩

ইমেইল:

[dcf.mgr@dgfood.gov.bd](mailto:dcf.mgr@dgfood.gov.bd)

নম্বর: ১৩.০১.৫৫০০.০০১.৪২.০১৭.২০.৯৯৫/১

তারিখ: ২ কার্তিক ১৪২৯  
১৮ অক্টোবর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা
- ২) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শালিখা, মাগুরা
- ৩) কারিগরী খাদ্য পরিদর্শক, এ কার্যালয়
- ৪) খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শালিখা, মাগুরা
- ৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আড়পাড়া এলএসডি, শালিখা, মাগুরা
- ৬) হিসাব/মজুদ শাখা, এ কার্যালয়
- ৭) মেসার্স শিকদার রাইস মিল, প্রোঃ-অরবিন্দু শিকদার, তালখড়ি, শালিখা, মাগুরা
- ৮) সংরক্ষণ নথি, এ কার্যালয়

১৮-১০-২০২২

মনোতোষ কুমার মজুমদার  
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)